

ঢাকা ওয়াসা

বিষয়ঃ ঢাকা ওয়াসার এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্টের জন্য ১০ (দশ) টি ল্যাপটপ ক্রয় প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০

এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্ট ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ দপ্তর। এই দপ্তর হতে ঢাকা ওয়াসার প্রধান কার্যালয়সহ বিভিন্ন জোন ও দপ্তর সমূহের জন্য বিভিন্ন সফটওয়্যার, অনলাইন বিলিং, ইন্টারনেট, কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার সরবরাহ এবং এই সংক্রান্ত সার্ভিস প্রদান করা হয়ে থাকে। বাংলাদেশ সরকার কর্তৃক সফটওয়্যার (ই-জিপি, ডি-নথি) শতভাগ ব্যবহার করার পাশাপাশি বর্তমান ঢাকা ওয়াসার সার্বিক কার্যক্রম ও নিজস্ব কিছু সফটওয়্যার (পরিবহনগুলোর জন্য “ডেহিকেল ম্যানেজমেন্ট”, ভূমি বিভাগের জন্য “ল্যান্ড ম্যানেজমেন্ট”, প্রশাসন-১ এর জন্য “পিআইএমএস”, প্রশাসন-২ এর জন্য “টিকাদার এনলিষ্টমেন্ট সফটওয়্যার”, সিএম বিভাগের জন্য “কোয়ার্টার ম্যানেজমেন্ট ও রক্ষণাবেক্ষণ”, এফএম ডিভিশনের জন্য “ফিল্ড ম্যানেজমেন্ট”, শান্তি প্র্যান্টের জন্য “POS”, এ্যাকাউন্টিং, পেনশন, ইউলিটি বিল ম্যানেজমেন্ট, নতুন পানি ও পয়ঃ সংযোগ, পে-রোল, কমপ্লেইন ম্যানেজমেন্ট সিস্টেম, সাল্লাইচেইন ম্যানেজমেন্ট সফটওয়্যার ইত্যাদি) অটোমেশনের মাধ্যমে পরিচালিত হচ্ছে। ঢাকা ওয়াসার বর্তমান প্রশাসন মাননীয় প্রধানমন্ত্রীর ‘ডিজিটাল বাংলাদেশ’ স্লোগানকে ধারণ করে ‘ডিজিটাল ওয়াসা’ নিশ্চিতকরনে যে সকল দপ্তরে এখনো অটোমেশন কার্যক্রম গ্রহণ করা হয়নি অর্থাৎ অটোমেশনের মাধ্যমে পরিচালিত হচ্ছেনা তাদেরকে অতিসত্তর নিজ নিজ দপ্তরে অটোমেশন কার্যক্রম শুরু করার জন্য একটি অফিস আদেশ (সংযুক্তি ১) জারি করা হয়।

অনুচ্ছেদ ১.১

ঢাকা ওয়াসার অটোমেশন কার্যক্রম সচল রাখার জন্য এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্টে কর্মরত সহকারী প্রোগ্রামারদের বিভিন্ন দপ্তর ও জোনাল অফিস সমূহে যেতে হয় এবং সেখানে বিভিন্ন সফটওয়্যার সাপোর্ট ও কনফিগার করতে হয়। কিন্তু বর্তমানে এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্টের নতুন যোগদানকারী ৫ (পাঁচ) জন সহকারী প্রোগ্রামারদের কোন ল্যাপটপ না থাকায় উল্লেখিত কার্যসমূহ পরিচালনার জন্য নানা ধরনের অসুবিধার সম্মুখীন হতে হয়। উপরন্তু, এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্টের সকল সফটওয়্যার সঠিকভাবে মনিটরিং এর জন্য সিনিয়র সিস্টেম এনালিস্টের ১ (এক) টি, সিস্টেম এনালিস্টের ১ (এক) টি উচ্চ কনফিগারেশনের ল্যাপটপ প্রয়োজন। উপরন্তু, নতুন তৈরিকৃত ল-সফটওয়্যার এবং মেডিকেল সফটওয়্যারগুলোর যথাযথ ব্যবহার নিশ্চিত করার জন্য আইনবিভাগে ১ (এক) টি এবং মেডিকেল সেন্টার এ ২ (দুই) টি ল্যাপটপ প্রয়োজন।

অনুচ্ছেদ ১.২

এমআইএস এন্ড বিলিং কার্যসমূহ সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে সিনিয়র সিস্টেম এনালিস্টের জন্য ১ (এক) টি, সিস্টেম এনালিস্টের জন্য ১ (এক) টি, ৫ (পাঁচ) জন সহকারী প্রোগ্রামারদের জন্য ৫ (পাঁচ) টি, আইন বিভাগের জন্য ১ (এক) টি এবং মেডিকেল সেন্টার এর জন্য ২ (দুই) টি সহ মোট ১০ (দশ) টি ল্যাপটপ নিম্নলিখিত কারিগরি বিধিনির্দেশ অনুযায়ী ক্রয় করা প্রয়োজন।

Sl. No.	Item	Item Description	Unit	Demand
1	Laptop	Model: HP 440 G9 Processor: Intel Core i5-1235U (12M Cache, up to 4.40 GHz) RAM: 16GB DDR4(3200 MHz), Storage: 512 GB SSD Display: 14" FHD (1920 x 1080) Features: Backlit Keyboard, Fingerprint, Type-C	Nos	7 (Seven)

2	Laptop	Model: ASUS VIVOBOOK 15 X515EA-EJ2460W Processor: Intel Core i5-1135G7 (8M Cache, up to 4.2 GHz) RAM: 8GB DDR4, Storage: 1TB SATA 5400RPM 2.5" HDD Display: 15.6" FHD (1920 x 1080) Features: Type-C, HDMI	Nos	3 (Three)
Total			Nos	10 (Ten)

অনুচ্ছেদ ১.৩

উপরোক্ত বর্ণনার আলোকে “ঢাকা ওয়াসার এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্টের জন্য ১০ (দশ) টি ল্যাপটপ ক্রয় প্রসঙ্গে” শীর্ষক কাজটি সম্পাদন করার লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারেঃ

ক) ল্যাপটপ গুলো “Global Brand Pvt. Ltd.” এর মাধ্যমে সংগ্রহ করা যেতে পারে।

খ) আলোচ্য কাজের প্রাক্কলিত ব্যয় = ৯,৬৮,২৪৮/- (নয় লক্ষ আটশত্টি হাজার দুইশত আটচল্লিশ টাকা মাত্র) টাকার অনুমোদন করা যেতে পারে।

গ) কাজটি পিপিআর-২০০৮ এর ৭৬(১) এর (ট) মোতাবেক “Global Brand Pvt. Ltd.” থেকে “সরাসরি চুক্তি” পদ্ধতিতে সম্পন্ন করা যেতে পারে।

ঘ) কার্যশেষে বিলটি BEFTN এর মাধ্যমে প্রদান করা হবে।

ঙ) উক্ত কাজের ব্যয়ভার এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্টের ২০২৩-২০২৪ অর্থ বছরের সংশোধিত বাজেটের “কম্পিউটার ক্রয়” খাত হতে নির্বাহ করা যেতে পারে এবং ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত APP তে কাজটি অন্তর্ভুক্ত করা হবে।

চ) আলোচ্য কাজের দরপত্র আহবান, চুক্তি সম্পাদন ও চুক্তি বাস্তবায়ন কাজসমূহের Procuring Entity হিসেবে উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম) ও সিনিয়র সিস্টেম এনালিস্ট (অঃ দাঃ) এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্ট, ঢাকা ওয়াসাকে অনুমোদন দেয়া যেতে পারে।

উপরোক্ত বর্ণনার আলোকে, এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্টের জন্য ১০ (দশ) টি ল্যাপটপ ক্রয়ের আর্থিক ও প্রশাসনিক অনুমোদনের জন্য নথি খানা উপস্থাপন করা হল।

Sauhitadee
12/12/2023

মোঃ সাকিব মুহতাদি
সহকারী প্রোগ্রামার
এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্ট
ঢাকা ওয়াসা

Harifa Begum
22/12/2023
Programmer
MIS & Billing Department
Dhaka WASA

S.A
12-12-2023
Engr. Arpita Saha
System Analyst
MIS & Billing Department
Dhaka WASA

BR.
12/12/2023

DMD (O&M) & SSA (A. C.) (MIS)
ব্যবস্থাপনা পরিচালক (অঃ দাঃ)
প্রকৌঃ এ.কে.এম. সহিদ উদ্দিন
ব্যবস্থাপনা পরিচালক (অঃ দাঃ)
ঢাকা ওয়াসা।